মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক তথ্য মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের ওপর মার্চ ২০১৬ মাস পর্যন্ত অগ্রগতির প্রতিবেদন।

ক্রমিক	সিদ্ধান্ত/নির্দেশনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(ক)	সরকারের প্রচার কাজে মূল সমন্বয়কারী হিসেবে তথ্য মন্ত্রণালয়ের বাজেট বৃদ্ধি করা প্রয়োজন।	মন্ত্রণালয়ের বাজেট বৃদ্ধির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ২০১৩-১৪ অর্থ বছরে ৫১১.৯৭ কোটি, ২০১৪-১৫ অর্থ বছরে ৫৯২.৩৮ কোটি, ২০১৫-১৬ অর্থ বছরে ৬৫৭.৭৯ কোটি টাকা এবং ২০১৬-১৭ অর্থ বছরে ৭১০.৪৩ কোটি টাকার বাজেট করা হয়েছে। বিদ্যমান সম্প্রচার সক্ষমতা আরও বৃদ্ধি করা প্রয়োজন। এ বিবেচনায় ২১টি নতুন প্রকল্প অনুমোদন বিভিন্ন পর্যায়ে রয়েছে। প্রকল্পগুলোর জন্য ২০১৬-১৭ অর্থ বছরে ৭৬৩.৯৮ কোটি, ২০১৮-১৯ অর্থ বছরে ৯২১.২১ কোটি এবং ২০১৯-২০ অর্থ বছরে ১২২৬.৬৫ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে।	পরিকল্পনা অধিশাখা, বাজেট ও মনিটরিং সেল, তথ্য মন্ত্রণালয়।
(খ)	সংসদ টিভি-তে সংসদ চলাকালীন সময় ব্যতিত অন্য সময় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ক্লাসসহ শিক্ষামূলক, উন্নয়নমূলক ও উদ্বুদ্ধকরণ অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা নিতে হবে। সংসদ বাংলাদেশ চ্যানেল ও বিটিভি সময় ভাগাভাগি করে স্ব স্ব প্রতিষ্ঠানের অনুষ্ঠান সম্প্রচার করবে।	ক) সংসদ টিভিতে সংসদ চলাকালীন সময় ব্যতীত অনুষ্ঠান প্রচার করার বিষয়ে একটি সুচিন্তিত কর্মপরিকল্পনা চূড়ান্তকরণের নিমিত্ত বিটিভির ২৩.০৫.২০১৫ তারিখের আধা-সরকারি পত্রের প্রেক্ষিতে জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৩.০৭.২০১৫ তারিখে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী মাননীয় চীফ হুইপকে আহবায়ক করে ০৭(সাত) সদস্য বিশিষ্ট অনুষ্ঠান ব্যবস্থাপনা কমিটির সুপারিশ এখনও পাওয়া যায়নি। (খ) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে ০৯.০১২.২০১৫ তারিখে অনুষ্ঠিত সভায় জানানো হয় যে, সংসদ টিভিতে বর্তমানে শিক্ষামূলক অনুষ্ঠান প্রচার বন্ধ রয়েছে। তবে বর্তমান চীফ হুইপকে আহবায়ক করে একটি কমিটি গঠিত হয়েছে যা অনুষ্ঠানের কর্মপরিকল্পনা প্রণয়ন করবে। সভাপতি কর্তৃক দীর্ঘসূত্রিতা পরিহার করে দ্রুত অনুষ্ঠান পরিকল্পনা চূড়ান্ত করার পরামর্শ দেয়া হয়।	বাংলাদেশ টেলিভিশন
(গ)	অবিলম্বে বাংলাদেশ টেলিভিশনের জনবল নিয়োগ প্রক্রিয়া শুরু করতে হবে।	(ক) বিটিভির ০১.০৪.২০১৪ তারিখে ২৩টি, ০১.১০.২০১৪ তারিখে ০১টি, ০৫.০১.২০১৫ তারিখে ০২টি এবং ১০.০৬.২০১৫ তারিখের প্রস্তাবে ০২টিসহ মোট ২৮টি ১ম শ্রেণীর পদে সরাসরি নিয়োগের জন্য সরকারি কর্মকমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়। তথ্য মন্ত্রণালয়ের ২৫.০১.২০১৬ তারিখের ১৫.০০.০০০০.০২৩.০১১.০৪.১৫-৫০ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে অডিয়েন্স রিসার্চ অফিসার/স্ক্রীপ্ট এন্ড মনিটরিং (গ্রেড-২) পদে ০১ জনকে নিয়োগ প্রদান করা হয়। এছাড়া, ২য় শ্রেণির ১৫টি পদে সরাসরি নিয়োগের জন্য সরকারি কর্মকমিশনে রিকুইজিশন দেয়া হয়। (খ) সরকারি কর্মকমিশন কর্তৃক ০৭.০৫.২০১৪ তারিখে ১ম শ্রেণির ১৫টি ও ২য় শ্রেণির ০২টি সহ মোট ১৭টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে এবং গত ২৪.০৪.২০১৫ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। মে ২০১৫ মাসে ১ম শ্রেণির ০৩টি পদে সরকারি কর্মকমিশনের সুপারিশ অনুযায়ী ০৩জন কর্মকর্তা চাকরিতে যোগদান করেছেন। (গ) ১ম ও ২য় শ্রেণির শূন্য পদে ফিডারের কর্মকর্তাদের চাকরি মেয়াদ পূর্তি সাপেক্ষে ধারাবাহিকভাবে পদোন্নতি কোটার পদ পূরণ করা হচ্ছে। (ঘ) ডিসেম্বর ২০১৪ মাসে বিটিভির সাংগঠনিক কাঠামোতে অস্থায়ীভাবে সৃষ্ট নতুন ৫৫টি পদ থেকে ১ম শ্রেণির ০৪টি পদে সরাসরি নিয়োগের নিমিত্ত ১৩.০৭.২০১৫ তারিখে সরকারি কর্ম কমিশনের সুপারিশের জন্য প্রেরণ করা হয় যা বর্তমানে পিএসসিতে প্রক্রিয়াধীন আছে। ৩য় শ্রেণির ১১টি অস্থায়ী পদ পূরণের জন্য ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে আবেদনপত্র গ্রহণ শেষ হয়েছে। শীঘ্রই নিয়োগের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। (ঙ) এছাড়া আউটসোর্সিং এর মাধ্যমে ০৬টি পদের কাজ সম্পাদনের জন্য দরপ্রস্তাব আহবান করে ০১.০৩.২০১৬ তারিখে দরপত্র খোলা হয়েছে। ১১.৩.২০১৬ তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। কমিটির সুপারিশের আলোকে আউটসোর্সিং জনবল নিয়োগের বিষয়টি চূড়ান্ত করা হবে। (চ) মুক্তিযোদ্ধা কোটায় শূন্য পদে পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ১২টি পদে আবেদনকৃত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা শেষে বিভাগীয় নির্বাচন কমিটি ৬জন প্রার্থীকে নিয়োগের জন্য সুপারিশ চূড়ান্ত করে। এ বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে ৫ জনের রিপোর্ট পাওয়া গেছে। এর মধ্যে ২ জনকে প্রত্যয়ন, ২ জনকে সাময়িক প্রত্যয়ন ও ১ জনকে প্রত্যয়ন করা গেল না মর্মে উল্লেখ করা হয়। চূড়ান্ত রিপোর্ট যাচাই করে নিয়োগপত্র জারি করা হবে। (ছ) রাজস্বখাতের বিদ্যমান ৩য় শ্রেণীর ৫৮টি ও ৪র্থ শ্রেণির ৫১টি শূন্য পদে নিয়োগের জন্য জুন ২০১৫ মাসে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ১৯.১২.২০১৫ ও ০১.০১.২০১৬ তারিখে প্রার্থীদের	বাংলাদেশ টেলিভিশন

ক্রমিক	সিদ্ধান্ত/নির্দেশনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়েছে। ০৬.০২.২০১৬ তারিখে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা ০৪.০৩.২০১৬ তারিখ থেকে পর্যায়ক্রমে গ্রহণ করা হয়েছে। ০১.৪.২০১৬ তারিখ থেকে ৭.৪.২০১৬ তারিখ পর্যন্ত ১৩ ক্যাটাগরির পদে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। অবশিষ্ট আরও ৭টি ক্যাটারগরি পদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।	
(ঘ)	খুলনা, রাজশাহী, রংপুর ও সিলেটের সাথে অন্য বিভাগীয় শহর বরিশালেও বিটিভির স্টেশন স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল এবং সিলেটে পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র নির্মাণের জন্য ALIT ও DRFT চীন এর সাথে বাংলাদেশ টেলিভিশনের ১৮.০৯.২০১৪ তারিখে সমঝোতা স্মারক (MOU) সম্পাদিত হয়। তথ্য মন্ত্রণালয়ের ২৩.১১.২০১৫ তারিখের ৫৫৫ সংখ্যাক স্মারকের অনুমোদন অনুযায়ী ২০.১১.২০১৫ তারিখে উক্ত প্রতিষ্ঠানের সাথে বিটিভির Commercial (Provisional) Contract স্বাক্ষর করা হয়েছে। স্বাক্ষরিত Commercial Contract এর উপর আইন, বিচার এবং সংসদ বিষয়ক মন্ত্রণালয় ভেটিং প্রদান করেছে। খ) উক্ত প্রকল্পের ডিপিপি, Feasibility Study Report, Environmental Impact Assessment (EIA) এর TOR অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। গ) আইন মন্ত্রণালয়ের ভেটিং এর আলোকে ৯.৩.২০১৬ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের ভেটিং এর জন্য প্রেরণ করা হয়েছে। ঘ) অর্থনৈতিক বিষয়ক সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন ও সদয় সম্মতি জ্ঞাপনের জন্য একটি সারসংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য বিটিভি থেকে ১০/০৩/২০১৬ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন। ঙ) তাছাড়া, প্রকল্পের জমি সরেজমিনে পরিদর্শনপূর্বক স্থান নির্বাচন করার জন্য বিটিভি'র প্রকৌশলীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল বরিশাল ভ্রমণ করেছে।	বাংলাদেশ টেলিভিশন
(ঙ)	বিটিভি ওয়ার্ল্ড চ্যানেলের যথাযথ ব্যবহারের জন্য প্রয়োজনীয় কর্মপন্থা গ্রহণ করতে হবে।	বিটিভি ওয়ার্ল্ড চ্যানেল যথাযথ ব্যবহারের নিমিত্ত অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। এ চ্যানেলর জন্য পৃথক জনবলের চাহিদা আধুনিকায়নের সার্বিক প্রস্তাবনায় সন্নিবেশ করে বিটিভির ২৯.১১.২০১৫ তারিখের ৪২৯২ তারিখের পত্রের প্রেক্ষিতে প্রস্তাব সংশোধন করে প্রেরণের জন্য ৪.৪.২০১৬ তারিখে পত্রের মাধ্যমে বিটিভিকে অনুরোধ করা হয়েছে।	বাংলাদেশ টেলি ভিশন
(চ)	বিটিভি বাংলাদেশ বেতার এর শিল্পী সম্মানী বাজার অনুযায়ী সম্মানজনকভাবে বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।	বাংলাদেশ বেতারের প্রস্তাবিত 'শিল্পী সম্মানী কাঠামো-২০১৫' অনুমোদনের জন্য তথ্য মন্ত্রণালয়ের বেতার-২ অধিশাখায় ০৮ অক্টোবর ২০১৫ তারিখের ১৫.০০.০০০০. ০২২.৩১.০১৭.১৪.৪০৯ নং পত্রের মাধ্যমে সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণ করা হয়েছে। বর্ণিত অবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত বাংলাদেশ বেতার নিজেস্ব শিল্পীদের 'শিল্পী সম্মানী কাঠামো-২০১৫' অনুমোদনের বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় তথ্য মন্ত্রণালয় কর্তৃক অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।	বাংলাদেশ টেলিভিশন ও বেতার
		এপ্রিল ২০১৪ মাসে বিটিভির শিল্পী সম্মানী ৫০% বৃদ্ধি করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুযায়ী বিষয়টি যাচাই-বাছাই করে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর সাথে সামঞ্জস্যতা রেখে শিল্পী সম্মানী ১০০% বৃদ্ধির প্রস্তাব ২৯.২.২০১৬ তারিখে পুনরায় অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।	বাংলাদেশ টেলিভিশন
(ছ)	জাতীয় টেলিভিশন পুরস্কার প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	জাতীয় টেলিভিশন পুরস্কার প্রবর্তনের জন্য বিটিভি কর্তৃক প্রণীত খসড়া নীতিমালা ০৯.০৮.২০১৫ তারিখের ২৫৮২ সংখ্যক পত্রের মাধ্যমে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। তথ্য মন্ত্রণালয়ের ০৪.১০.২০১৫ তারিখের ৮০৬ সংখ্যক অফিস আদেশে অতিরিক্ত সচিব (সম্প্রচার)কে আহবায়ক করে ০৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। ইতোমধ্যে গঠিত কমিটির সভা গত ১০.৩.২০১৬ তারিখ অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তমতে সরকারী/বেসরকারী সকল টেলিভিশনকে অন্তর্ভুক্ত করার জন্য কমিটি পুন:গঠন করা হয়েছে।	বাংলাদেশ টেলিভিশন
(জ)	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরা ক্রয় কার্যক্রম তরান্বিত করতে হবে। অত্যাধুনিক, বহনযোগ্য এবং ডিজিটাল ক্যামেরা ক্রয় করতে হবে।	মাননীয় প্রধানমন্ত্রীর দৈনন্দিন কার্যক্রম কাভারেজের জন্য ২টি ডিজিটাল ক্যামেরা সেপ্টেম্বর-২০১৫ তে ক্রয় করা হয়েছে। আরও একটি ক্যামেরা ক্রয়ের জন্য আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়েছে।	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
(ঝ)	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরে ডিজিটাল চলচ্চিত্র নির্মাণের জন্য যন্ত্রপাতি ও সামগ্রি ক্রয়ের	''চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরে ডিজিটাল চলচ্চিত্র নির্মাণের যন্ত্রপাতি স্থাপন'' শীর্ষক প্রকল্পের ডিপিপি সংশোধন করে পরিকল্পনা বিভাগের আর্থসামাজিক অবকাঠামো বিভাগ এ প্রেরণ করা হয়েছে।	

ক্রমিক	সিদ্ধান্ত/নির্দেশনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	উদ্যোগ গ্রহণ করতে হবে।		
(ঞ)	নবগঠিত চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট এর সাংগঠনিক কাঠামো ও প্রবিধানমালা দ্রুত অনুমোদনের বিষয়টি ত্বরান্বিত করতে হবে।	বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট এর সাংগঠনিক কাঠামো জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। এই প্রস্তাবটি বর্তমানে অর্থ বিভাগে প্রক্রিয়াধীন আছে। ২৭.১০.২০১৫ তারিখে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে।বিষয়টি দ্রুত নিষ্পত্তির জন্য অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত আছে।	বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
(ট)	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নতুন সাংগঠনিক কাঠামো দ্রুত অনুমোদন ত্বরান্বিত করতে হবে।	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান (৩৯+০৯)=৪৮টি পদ বহাল রেখে আরও ৬৮টি নতুন পদ সৃজনসহ ১১৬টি জনবল অন্তর্ভুক্ত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫/০৫/২০১৫ তারিখের পত্র নং-০৫.১৫৮.০১৫.০২.০১.০০৬.১৯৯৪ (অংশ-১)-১৯০ মোতাবেক প্রয়োজনীয় অনুমোদন প্রদান করা হয়েছে। তাছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ০১টি মাইক্রোবাস, ০১টি জীপ/পিকআপ, ০১টি মটর সাইকেল (০৩টি যানবাহন) এবং প্রকল্পের আওতায় সংগৃহীত অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি অন্তর্ভুক্তকরণের সম্মতি প্রদান করা হয়েছে। বিষয়টি অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান।	বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
(ঠ)	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এবং বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের জন্য সর্বোচ্চ তিন একর জমির মধ্যে উভয় প্রতিষ্ঠানের ব্যবহারের উদ্দেশ্যে সমন্বিত সুবিধাদি সৃজনের ব্যবস্থাসহ বহুতল ভবনের পরিকল্পনা প্রণয়ন ও যৌথভাবে জমি বরাদ্দের প্রস্তাব করা যেতে পারে।	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের উত্তর এবং স্টাফ কোয়ার্টারের পূর্ব সীমানা প্রাচীর সংলগ্ন নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার কল্যাণপুর, ঢাকা এর অব্যবহৃত জায়গা থেকে ২৫.৯৪ শতাংশ জমি জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অনুকূলে প্রতীকি মূল্যে বরাদ্দ/হস্তান্তর করার অনুরোধ জানিয়ে গত ০২/০৩/২০১৬ তারিখে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ চলচিত্র ও টেলিভিশন ইনস্টিউট এবং বাংলাদেশ বেতারের স্থাপনা তৈরির জন্য স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত ধারনা নকশা অনুমোদন এবং প্রাসঙ্গীক বিষয় নিয়ে পর্যালোচনার জন্য তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ১৫.০২.২০১৬ তারিখে তাঁর মন্ত্রণালয়ে এক সভা অনুষ্ঠিত হয়। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে।	বিসিটিআই, প্রশাসন-৪ অধি:, চলচ্চিত্র অধিশাখা
(ড)	গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে সরকারি ব্যয়ে নির্মানাধীন ফ্ল্যাট বন্টনকালে সাংবাদিক, কবি, সাহিত্যিক ও শিল্পীদের হায়ার পার্চেজের ভিত্তিতে বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে। তথ্য মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	এ বিষয়ে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে ১৮ জুন ২০১৪ তারিখে পত্র দেয়া হয়। গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন সংশ্লিষ্ট দপ্তরসমূহে পত্র প্রেরণ করে। পত্র মোতাবেক খুলনা, রাজশাহী ও চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ ভবিষ্যতে এ ধরণের প্রকল্প বাস্তবায়িত হলে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন করা হবে মর্মে জানিয়েছে এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সমাপ্ত ও অনুমোদিত প্রকল্পগুলিতে সাংবাদিক, কবি, শিল্পী ও সাহিত্যিকদের জন্য 'বিশেষ পেশা' ক্যাটাগরিতে ৪% হারে ইতোমধ্যে অনেককে প্লট/ফ্ল্যাট বরাদ্দ প্রদান করেছে। উল্লেখ্য, এ বিষয়ে আলাদা প্রকল্প গ্রহণের জন্য ১১.০৫.২০১৫ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে একটি ডিও পত্র প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত আছে।	গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
(ঢ)	মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে এবং মুক্তিযুদ্ধের চেতনার যথাযথ বিকাশে আরো বেশি বেশি মুক্তিযুদ্ধভিত্তিক অনুষ্ঠান ও চলচ্চিত্র নির্মাণ ও সম্প্রচার/প্রচার করতে হবে।	গণযোগাযোগ অধিদপ্তর কর্তৃক এ বিষয়ে ৭২৩টি চলচ্চিত্র প্রদর্শন ও ৬৪৮টি পথ প্রচার করা হয়েছে।	গণযোগাযোগ অধিদপ্তর
		১) মুক্তিযুদ্ধের ওপর 'একাত্তরের গণহত্যা ও বধ্যভূমি' শীর্ষক একটি প্রামাণ্যচিত্র ২০১৫ সালে নির্মিত হয়েছে। ২) 'মুক্তিযুদ্ধে নারী' শীর্ষক একটি ফিচার ফিল্মের কাহিনীচিত্র কথাসাহিত্যিক সেলিনা হোসেন রচনা করেছেন। চলচ্চিত্রটির চিত্রনাট্য নির্মাণ করা হয়েছে। বর্তমান মাসে স্যুটিং শুরু হবে। ৩) ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের ওপর একটি প্রামাণ্যচিত্র নির্মাণ শেষে প্রচারের জন্য বিটিভি ও গণযোগাযোগ অধিদপ্তরসহ সকল বেসরকারি টিভি চ্যানেলসমূহে প্রেরণ করা হয়েছে।	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
		মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬ এবং ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতিয় শিশু দিবসে এবং ৭ মার্চ ২০১৬ তারিখে বিশেষ অনুষ্ঠান প্রচার করা হয়েছে। তাছাড়া মাসব্যপি আঞ্চলিক কেন্দ্র ও বিশেষায়িত Unit থেকে অনুষ্ঠান প্রচার করা হয়েছে।	বাংলাদেশ বেতার
		মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে এবং মুক্তিযুদ্ধের চেতনা যথাযথ বিকাশে নিম্নবর্ণিত অনুষ্ঠানসমূহ বিটিভিতে নিয়মিত প্রচার করা হচ্ছে : অনুষ্ঠানের নাম — ব্যাপ্তি — প্রচারক্রম ১. আমাদের মুক্তিযুদ্ধ — ২৫ মিনিট — পাক্ষিক ২. চেতনায় মুক্তিযুদ্ধ — ২৫ মিনিট — মাসে ২টা	বাংলাদেশ টেলিভিশন